37639 - যে ব্যক্তি দশদিন সফরে থাকে সে কি সফরের শিথিলিতাগুলো গ্রহণ করবে

প্রশ্ন

আমি পেট্রল ফিল্ডে চাকুরী করি। মাসে ১০ দিন ফিল্ডের কর্মস্থলে যাই। লাগাতর দুইদিন বা তিনদিন কাজ করি। শহরে থাকলে আমি রোযা রাখি। কিন্তু যখন আমি বিমানে এক ঘন্টার সফর করে ফিল্ডে যাই তখন আমি কি মুসাফির হিসেবে গণ্য হব এবং আমার উপর রোযা আবশ্যক হবে না?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি আপনার থাকার জন্য ফিল্ডে কোন বাসা থাকে: তাহলে আপনি সেখানে পৌঁছার পর মুসাফির হিসেবে গণ্য হবেন না। বরং আপনার শহরে ও কর্মক্ষেত্রে রোযা রাখা আপনার উপর আবশ্যক। আর যাওয়া আসার পথে আপনি মুসাফির হবেন।

এই অবস্থায় আপনার হুকুম ঐ ব্যক্তির মত যার দুইজন স্ত্রী দুই শহরে থাকে। এ ধরণের ব্যক্তিকে বলা হয় "দুই স্থানে মুকীম"। এই ব্যক্তি দুই স্থানে নামায পরিপূর্ণ সংখ্যায় আদায় করবে ও রোযা রাখবে। আর পথিমধ্যে চাইলে রোযা না রাখতে পারে এবং নামায কসর করবে।

আর যদি কর্মক্ষেত্রে আপনার কোন বাসা না থাকে; বরং সেটা নিছক আপনার কর্মক্ষেত্র হয়: তাহলে আপনি সেখানে মুসাফির। কর্মকালীন দিনগুলোতে বাসায় না ফেরা পর্যন্ত রোযা না-রাখা আপনার জন্য বৈধ। তবে আপনাকে নামায পড়তে হবে।

আল্লাহই সর্বজ্ঞ।